দৈনিক
জনকণ্ঠ

তারিখ 11 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# কওমী মাদ্রাসা শিক্ষা কমিশনের রিপোর্ট দেয়ার সময় বাড়ল

স্টাফ রিপোর্টার ॥ কওমী মাদ্রাসা শিক্ষা সনদের সরকারী স্বীকৃতি দেয়ার লক্ষ্যে হাটহাজারীর মাদ্রাসার মহাপরিচালক শাহ আহমদ শফীর নেতৃত্বাধীন 'বাংলাদেশ কওমী মাদ্রাসা শিক্ষা কমিশনকে সচল করা হয়েছে। কমিশনকে তাদের জমা দেয়া প্রতিবেদন যুগের সঙ্গে সঙ্গতিপূর্ণ করে নতুনভাবে সুপারিশ দিতে আগামী ৯ জানুয়ারি পর্যন্ত সময় দিয়েছে মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে। কমিশনের সুপারিশ পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেয়া হবে বলে জানিয়েছেন মন্ত্রণালয়ের কর্মকর্তারা। সম্প্রতি ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহের খতিব ও ইকরা বাংলাদেশের পরিচালক মাওলানা ফরিদ উদ্দীন মাসউদকে প্রধান করে আরেকটি কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়। যিনি আহমদ শফীর নেতৃত্বাধীন কমিশনের কো-চেয়ারম্যান। এই কমিটির কর্মপরিধিতে বলা হয়েছে, 'বাংলাদেশ কওমী মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ আইন-২০১৩'-এর খসড়া পর্যালোচনা করে ১৫ কর্মদিবসের মধ্যে শিক্ষা সচিবের কাছে মতামত বা সুপারিশ দিতে হবে। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) ২০১৫ সালের হিসাব অনুযায়ী, সারা দেশে ১৩ হাজার ৯০২ কওমী মাদ্রাসায় শিক্ষার্থীর সংখ্যা প্রায় ১৪ লাখ। কওমী মাদ্রাসাগুলো পরিচালিত হচ্ছে পৃথক বিভিন্ন ধরনের বেসরকারী বোর্ডের অধীনে। সরকারের হিসাবে এ কথা বলা হলেও দেশী-বিদেশী নানা হিসাব বলছে কওমী মাদ্রাসার সংখ্যা হবে ৩০ হাজারের ওপরে।